


দৈনিক আজাদী
স্বাধীন বাংলাদেশের প্রথম সংবাদপত্র
প্রতিষ্ঠাতা : আলহাজ্ব মোহাম্মদ আবদুল খালেক




রোববার | ১৩ নভেম্বর ২০২২ | www.edainikazadi.net রেজি. নং-চ-৫৪ | ৬৩তম বর্ষ ৬৯ সংখ্যা | ২৮ কার্তিক ১৪২৯ সাল | ১৭ রবিউস সানি ১৪৪৪ হিজরি | ৮ পৃষ্ঠা | ৭ টাকা




*আইআইইউসি সিসিই ফেস্টের পুরস্কার বিতরণ অনুষ্ঠানে বক্তব্য রাখছেন প্রফেসর ড. আবু রেজা মুহাম্মদ নেজামুদ্দিন নদভী এমপি*

# আইআইইউসি সিসিই ফেস্টের সমাপনী ও পুরস্কার বিতরণ

আইআইইউসির সিসিই ফেস্টের সমাপনী ও পুরস্কার বিতরণ গতকাল শনিবার কেন্দ্রীয় অডিটোরিয়ামে অনুষ্ঠিত হয়। এতে বিভিন্ন ইভেন্টে বিজয়ীদের পুরস্কার ও চেক বিতরণ করা হয়। এরপর সিসিই ডিপার্টমেন্টের একটি ডকুমেন্টারি প্রদর্শন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন আইআইইউসির বোর্ড অব ট্রাস্টের সভাপতি প্রফেসর ড. আবু রেজা মুহাম্মদ নেজামুদ্দিন নদভী এমপি। তিনি বলেন, শিক্ষার্থীদের পড়ালেখার পাশাপাশি এক্সট্রা কারিকুলামের মাধ্যমে নিজেদের স্কিল ডেভেলপমেন্টের মাধ্যমে উন্নত ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে কাজ করতে হবে। সিসিই ডিপার্টমেন্টকে অবকাঠামোগত ভাবে আরো সমৃদ্ধ করার পরিকল্পনা বাস্তবায়নের কাজ চলমান রয়েছে। সিসিই ডিপার্টমেন্টের চেয়ারম্যান প্রফেসর ইঞ্জিনিয়ার মো. রাজু আহমেদের সভাপতিত্বে এতে বিশেষ অতিথি ছিলেন ফাইন্যান্স কমিটির চেয়ারম্যান ড. ইঞ্জিনিয়ার রশীদ আহমেদ চৌধুরী, ট্রেজারার প্রফেসর ড মোহাম্মদ হুমায়ুন কবির, রেজিস্ট্রার এ.এফ.এম. আকতারুজ্জামান কায়সার, প্রফেসর মোহাম্মদ ছরওয়ার আলম, অধ্যাপক মো. ইফতেখার উদ্দিন।স্বাগত বক্তব্য রাখেন প্রফেসর ড. মোহাম্মেদ সাইফুদ্দিন।অনুষ্ঠান সঞ্চালনা করেন লেকচারার আরিজ হাফিজ। সিসিই ডিপার্টমেন্টের চেয়ারম্যান প্রফেসর ইঞ্জিনিয়ার মো. রাজু আহমেদ প্রধান অতিথিকে সম্মাননা স্মারক হিসেবে ক্রেস্ট তুলে দেন। প্রেস বিজ্ঞপ্তি।

Ref: Dainik Azadi, Date: 13 November 2022, Page: 3, Col: 5
https://edainikazadi.net/index.php?page=1&date=2022-11-13

চট্টগ্রাম রবিবার ১৩ নভেম্বর ২০২২

# দৈনিক পূর্বকোণ

মুজিববর্ষে দেশসেরা আঞ্চলিকের স্বীকৃতিপ্রাপ্ত

রেজিঃ নম্বর-চ-৮৯ । । ৩৭তম বর্ষ ২৬২তম সংখ্যা । । ২৮ কার্তিক ১৪২৯ বঙ্গাব্দ । । ১৭ রবিউসসানি ১৪৪৪ হিজরি । । Sunday 13 November 2022 । । ৮ পৃষ্ঠার মূল্য ৭ টাকা

www.dainikpurbokone.net www.edainikpurbokone.net /DailyPurbokone /DailyPurbokone

কনফিডেন্সসিমেন্ট | আস্থা রাখুন
01755-550035, 01755-550036

cleanzy Formulations Ltd.
ক্লিনজি ডিস ওয়াস লিকুইড
Now Available @ daraz
Hotline : +8801962555444
www.cleanzybd.com



*আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় সিসিই ক্লাবের সিসিই ফেস্ট সমাপনীতে বক্তব্য রাখছেন প্রফেসর ড. আবু রেজা মুহাম্মদ নেজামুদ্দিন নদভী এমপি*

## আইআইইউসিতে সিসিই ফেস্ট এর সমাপনী ও পুরস্কার বিতরণী

আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় সিসিই ক্লাবের সিসিই ফেস্ট সমাপনী গতকাল শনিবার বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় অডিটোরিয়ামে সিসিই ফেস্ট সমাপনী এবং বিভিন্ন ইভেন্টের জয়ীদের মধ্যে পুরস্কার ও চেক বিতরণ করা হয়। এই ফেস্টে ক্লাসের পাশাপাশি বিভিন্ন এক্সট্রা কারিকুলার এক্টিভিটিস, যেমন ২ দিন ব্যাপী আইওটি ওয়ার্কশপ, আইডিয়া জেনারেশন কম্পিটিশন, প্রোগ্রামিং কন্টেস্ট, ভিডিও এডিটিং ওয়ার্কশপ, সিসিই অলিম্পিয়াড অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন, আইআইইউসির বোর্ড অব ট্রাস্টের সভাপতি প্রফেসর ড. আবু রেজা মুহাম্মদ নেজামুদ্দিন নদভী এমপি। সিসিই ডিপার্টমেন্টের চেয়ারম্যান এবং সিসিই ক্লাবের এডভাইজর প্রফেসর ইঞ্জিনিয়ার মো. রাজু আহমেদ এর সভাপতিত্বে বিশেষ অতিথি ছিলেন আইআইইউসি বোর্ড অব ট্রাস্টিজের সদস্য ও ফাইন্যান্স কমিটির চেয়ারম্যান ড. ইঞ্জিনিয়ার রশীদ আহমেদ চৌধুরী, আইআইইউসি'র ট্রেজারার প্রফেসর ড. মোহাম্মদ হুমায়ুন কবির, আইআইইউ-সি'র রেজিস্ট্রার এ.এফ.এম. আকতারুজ্জামান কায়সার, ডিপার্টমেন্ট অব ইংলিশ ল্যাঙ্গুয়েজ এন্ড লিটারেচারের চেয়ারম্যান মোহাম্মদ ছরওয়ার আলম, আইআইইউসি'র প্রক্টর ইংরেজি ভাষা ও সাহিত্য বিভাগের সহযোগী অধ্যাপক মো. ইফতেখার উদ্দিন। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন সিসিই ডিপার্টমেন্টের এসিস্ট্যান্ট প্রফেসর ও সিসিই ক্লাবের প্রেসিডেন্ট ড. মোহাম্মদ সাইফুদ্দিন।অনুষ্ঠান সঞ্চালনা করেন সিসিই ডিপার্টমেন্ট এর লেকচারার আরিজ হাফিজ। অনুষ্ঠানের একপর্যায়ে সিসিই ডিপার্টমেন্টের চেয়ারম্যান প্রফেসর ইঞ্জিনিয়ার মো. রাজু আহমেদ প্রধান অতিথিকে সম্মাননা স্মারক হিসেবে একটি ক্রেস্ট তুলে দেন। এরপর প্রধান অতিথি বিভিন্ন ইভেন্টের জয়ীদের মধ্যে পুরস্কার ও চেক বিতরণ করেন।-বিজ্ঞপ্তি

Ref: Dainik Pubrokone, Date: 13 November 2022, Page: 3, Col: 1
https://www.edainikpurbokone.net/index.php?page=1&date=2022-11-13

চট্টগ্রাম • রোববার • ১৩ নভেম্বর ২০২২ • ২৮ কার্তিক ১৪২৯ • ১৭ রবিউস সানি ১৪৪৪ | ৮ পৃষ্ঠা • মূল্য ৭ টাকা | চট্টগ্রাম • রেজি. নম্বর ৪৫০ • বর্ষ ১৯ সংখ্যা ৮৮

রূপান্তর নবযাত্রা ৩৭

প্রতিটি প্রভাত হোক সুপ্রভাত

# সুপ্রভাত

সুপ্রভাত বাংলাদেশ | SUPROBHAT BANGLADESH

suprobhat.com | esuprobhat.com | facebook.com/suprobhat

৩ এমন সোনার মানুষ আমি খুব কমই দেখেছি

৫ 'প্রদানেন্দু বিকাশ চাকমা ছিলেন সেরা শিক্ষাযোদ্ধা ও শিক্ষাবীর'

৬ ইমরান খানের পাশে কী বসতে পারবেন বাবর আজম?



**আমার বিরুদ্ধে সব অভিযোগ মিথ্যা: শরিফুল রাজ**

'পরাণ', 'হাওয়া', 'দামাল' ছবিগুলোর আকাশছোঁয়া সাফল্যে রীতিমতো হাওয়ায় ভাসছেন ঢালিউড অভিনেতা শরিফুল রাজ।

বিস্তারিত ▶ পৃষ্ঠা ৬




ীআইআইইউসির'র সিসিইফেস্ট-এর সমাপনী অনুষ্ঠানে ড. আবু রেজা নদভী এমপি

# আইআইইউসি'র 'সিসিই ফেস্ট সমাপনী অনুষ্ঠান

ডিপার্টমেন্ট অব কম্পিউটার এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং (সিসিই),আন্তর্জাতিক ইসলামি বিশ্ববিদ্যালয় চট্টগ্রামের প্রতিষ্ঠালগ্নের প্রথম দিকের একটি ডিপার্টমেন্ট। তবে একটি ডিপার্টমেন্ট শুধু একাডেমিক কার্যক্রম দিয়ে চলে না, একাডেমিক জীবনকে গতিশীল করতে এক্সট্রা কারিকুলার অ্যাক্টিভিটিস অত্যন্ত গুরুত্বপূর্ণ। সিসিই ক্লাবের উদ্যেগে সিসিই ডিপার্টমেন্টের বিশাল আয়োজন সিসিইফেস্ট। এরই ধারাবাহিকতা ১২ নভেম্বর আন্তর্জাতিক ইসলামি বিশ্ববিদ্যালয় চট্টগ্রামের কেন্দ্রীয় অডিটোরিয়ামে সিসিইফেস্ট-২০২২এর সমাপনী এবং বিভিন্ন ইভেন্টের জয়ীদের মধ্যে পুরস্কার ও চেক বিতরণ করা হয়। পবিত্র কুরআন থেকে তেলওয়াতের মাধ্যমে অনুষ্ঠানের সূচনা করা হয়। এরপর সিসিই ডিপার্টমেন্টের একটি ডকুমেন্টারি প্রদর্শন করা হয় এবং সাথে ডিপার্টমেন্টের ছাত্ররা পরিবেশন করে হামদ নাত, মাইম এবং ডিপার্টমেন্টেরথিম সং। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আইআইইউসিএর বোর্ড অব ট্রাস্টের সভাপতি প্রফেসর ড. আবু রেজা মুহাম্মদ নেজামুদ্দিন নদভী এমপি। প্রধান অতিথি প্রফেসর ড. আবু রেজা মুহাম্মদ নেজামুদ্দিন নদভী এমপি বলেন, "শিক্ষার্থীদের পড়ালেখার পাশাপাশি এক্সট্রা কারিকুলারের মাধ্যমে নিজেদের স্কিল ডেভেলপমেন্ট ও লিডারশীপ মাধ্যমে উন্নত সমৃদ্ধ ডিজিটাল বাংলাদেশ বিনির্মানে গুরুত্বারোপ করতে হবে। সিসিই ডিপার্টমেন্টের চেয়ারম্যান এবং সিসিই ক্লাবের এডভাইজর প্রফেসর ইঞ্জিনিয়ার মো. রাজু আহমেদের সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আইআইইউসি বোর্ড অব ট্রাস্টিজের সদস্য ও ফাইন্যান্স কমিটির চেয়ারম্যান ড. ইঞ্জিনিয়ার রশীদ আহমেদ চৌধুরী, আইআইইউসি'র ট্রেজারার প্রফেসর ড. মোহাম্মদ হুমায়ুন কবির, আইআইইউসি'র রেজিস্ট্রার এএফএম আকতারুজ্জামান কায়সার, ডিপার্টমেন্ট অব ইংলিশ ল্যাঙ্গুয়েজ এন্ড লিটারেচারের চেয়ারম্যান মোহাম্মদ ছরওয়ার আলম, আইআইইউসি'র প্রক্টর ইংরেজি ভাষা ও সাহিত্য বিভাগের সহযোগী অধ্যাপক মো. ইফতেখারউদ্দিন। স্বাগত বক্তব্য রাখেন সিসিই ডিপার্টমেন্টের অ্যাসিস্ট্যান্ট প্রফেসর ওসিসিই ক্লাবের প্রেসিডেন্ট ড. মোহাম্মেদ সাইফুদ্দিন এবং অনুষ্ঠান সঞ্চালনা করেন সিসিই ডিপার্টমেন্টের লেকচারার আরিজ হাফিজ। সিসিই ডিপার্টমেন্টের চেয়ারম্যান প্রফেসর ইঞ্জিনিয়ার মো. রাজু আহমেদ প্রধান অতিথিকে সম্মাননা স্মারক হিসেবে একটি ক্রেস্ট তুলে দেন। পরে বিভিন্ন ইভেন্টের জয়ীদের মধ্যে পুরস্কার ও চেক বিতরণ করেন প্রধান অতিথি ও উপস্থিত অতিথিগণ। বিজ্ঞপ্তি

# আবদুল মাবুদ ফাউন্ডেশনের সভা

গত ১১ নভেম্বর আলহাজ্ব আদুল মাবদু স্মৃতি ফাউন্ডেশনের উদ্যোগ "মাবুদ স্মৃতি মেধা বৃত্তি পরীক্ষা" ২০২২ উপলক্ষে এক প্রস্তুতী সভা ফাউন্ডেশনের চেয়ারম্যান চট্টগ্রাম দক্ষিণ জেলা আওয়ামী লীগরে শ্রম বিষয়ক সম্পাদক মোহাম্মদ খোরশেদ আলমের সভাপতিত্বে জলদীস্থ অস্থায়ী কার্যালয়ে অনুষ্ঠিত হয়। এতে বক্তব্য রাখেন ফাউন্ডেশনের মেধা বৃত্তি পরীক্ষা কমিটির প্রধান সমন্বয়ক রোজউল করিম মাস্টার, মাহফুজুর রহমান মাস্টার, ফজল করিম মাস্টার, আবদু ছবুর মাষ্টার, শফিকুল আলম মাস্টার, ফাউন্ডেশনের সদস্য মোহাম্মদ নবী হোসেন, মোহাম্মদ শাহেদুল আলম প্রমুখ। সভায় সর্বসম্মতিক্রমে প্রতিবছরের ন্যায় এবছরও আবদুল মাবুদ স্মৃতি বৃত্তি পরীক্ষা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। আগামী ১৭ ডিসেম্বর সকাল ১০টায়, বাঁশখালী ৪টি কেন্দ্রে পরীক্ষা অনুষ্ঠিত হবে।
এ বিষয়ে বিস্তারিত আলোচনার জন্য আগামী ১৩ নভেম্বর দুপুর ১২টায় জলদীস্থ সংগঠনের অস্থায়ী কার্যালয়ে সংশ্লিষ্টদের উপস্থিত থাকার জন্য ফাউন্ডেশনের চেয়ারম্যান মোহাম্মদ খোরশেদ আলম ও সাধারণ সম্পাদক রাজ মোহাম্মদ আজাদ মাষ্টার অনুরোধ জানিয়েছেন। বিজ্ঞপ্তি

Ref: Suprobhat Bangladesh, Date: 13 November 2022, Page: 4, Col: 5
https://esuprobhat.com/index.php?page=1&date=2022-11-13